দৈনিক খবর 97

তারিখ ... 06 APR 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

৩/

# উপাচার্য নিয়োগ প্রসঙ্গ তলবী সভার প্রস্তাব চ্যান্সেলরকে দেয়া হয়েছে

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির তলবী সভায় বর্তমান উপাচার্যের নিয়োগাদেশ সম্পর্কে গৃহীত প্রস্তাব চ্যান্সেলরকে দেয়া হয়েছে এবং চ্যান্সেলরের জবাবের ভিত্তিতে পরবর্তী পদক্ষেপ গ্রহণের ব্যাপারে সমিতির কার্যকরী পরিষদ ঐকমত্যে পৌঁছেছে।

জানা গেছে, বিষয়টি নিয়ে গতকাল

শেষ পৃষ্ঠায় ৩য় কলামে

## তলবী সভার

প্রথম পৃষ্ঠার পর

বৃহস্পতিবার দুপুরে ডাকসু নেতৃবৃন্দ ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের সাথে মত বিনিময় করেন। মত বিনিময়কালে তারা উপাচার্যের নামের আগে ভারপ্রাপ্ত বা অস্থায়ী লেখার সুবিধা-অসুবিধা নিয়ে আলোচনা করেন।

সভায় সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন প্রতিষ্ঠা ও শিক্ষার পরিবেশ রক্ষা, ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটকে অবিলম্বে কার্যকরী করার ওপর গুরুত্বারোপ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ '৭৩-কে রক্ষা করার জন্য ছাত্র-শিক্ষক ঐক্যবদ্ধভাবে কাজ করে যাবার সংকল্প ব্যক্ত করা হয়। শিক্ষকদের মাঝে সম্প্রতি সৃষ্ট প্রকাশ্য বিতর্কিত বিষয়গুলো আলাপ-আলোচনার মাধ্যমে সমাধান করে ঐক্যবদ্ধভাবে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ছাত্র নেতৃবৃন্দ আহবান জানান।

সভায় খোলামেলা আলোচনার এক পর্যায়ে শিক্ষক নেতৃবৃন্দ ঐকমত্যে পৌঁছান যে, তলবী সভা থেকে ৭ই এপ্রিল পর্যন্ত সময় দিয়ে চ্যান্সেলরের কাছে যে দাবী জানানো হয়েছে তার প্রেক্ষিতে কি ব্যবস্থা গ্রহণ করা হয়, তা দেখে সমিতি নেতৃবৃন্দ বিষয়টি নিয়ে ঐক্যবদ্ধভাবে আইনজ্ঞের সাথে পরামর্শ করবেন। এর ভিত্তিতে তাঁরা পরবর্তী করণীয় নির্ধারণ করবেন বলে জানা গেছে।

সভায় শিক্ষক নেতৃবৃন্দের মধ্যে সভাপতি অধ্যাপক ইয়াজউদ্দিন আহমেদ ও সাধারণ সম্পাদক ডঃ এম এ মান্নান এবং ডাকসু নেতৃবৃন্দের মধ্যে ভিপি সুলতান মোহাম্মদ মনসুর আহমদ, জিএস মুশতাক হোসেন, এজিএস নাসির -উদ-দুজা প্রমুখ উপস্থিত ছিলেন।